



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এল কলেজ, খুলনা
ওয়েব সাইট: www.blcollege.edu.bd



দুরালাপনী : অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং : ০৪১-২৮৫০৩৭০



২০১৭ সালের ৪র্থ বর্ষ অনার্স (২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ) নিয়মিত পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

বিঃ দ্রঃ ইনকোর্স পরীক্ষা ছাড়া কোন পরীক্ষার্থী পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে না।

৪র্থ বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.edu.bd/ www.nubd.info/honours এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং বিশ্ববিদ্যালয়ের ফি উল্লেখ্য থাকবে।

আবেদন ফরম জমার পূর্বের দিন স্ব স্ব বিভাগ হতে স্বাক্ষর করে নিতে হবে।

আবেদন ফরম জমার তারিখ :

| অনার্স বিষয় | জমাদানের তারিখ | অনার্স বিষয় | জমাদানের তারিখ |
|---|-----------------------|--|-----------------------|
| বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, পদার্থ, রসায়ন | ১৬.০১.২০১৮ নিয়মিত | অর্থনীতি, ইতিহাস, ইসঃ ইতিহাস, উদ্ভিদ, প্রাণি | ১৭.০১.২০১৮ নিয়মিত |
| দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং | ১৮.০১.২০১৮ নিয়মিত | সমাজবিজ্ঞান, ফিন্যান্স, গণিত | ২১.০১.২০১৮ নিয়মিত |

নিয়মিত পরীক্ষার্থীদের ফিসাদি (কলেজের অংশ+আবেদন ফরমে উল্লিখিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ একত্রে জমা দিতে হবে):
বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স = ২৫৩০/- (কলেজের অংশ), পদার্থ, উদ্ভিদ, প্রাণি, গণিত= ২৬৮৫/- (কলেজের অংশ), রসায়ন= ২৭৪০/- (কলেজের অংশ)।

বিঃ দ্রঃ শিক্ষা সফর ফি বাবদ ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ৫০/= টাকা হারে স্ব স্ব বিভাগ গ্রহণ করবেন।

নিয়মিত পরীক্ষার্থীদের যোগ্যতা :

শুধুমাত্র ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের নিয়মিত পরীক্ষার্থীরা যারা ২০১৬ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়েছে সে সব ছাত্র-ছাত্রীগণ ২০১৭ সালের নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

পাঠ্যসূচি : সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।


পরীক্ষার আবেদন ফরম পূরণের নিয়মাবলী :

- আবেদন ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা বিভাগীয় প্রধান অবশ্যই যাচাই করে আবেদন ফরমে স্বাক্ষর করবেন।
- আবেদন ফরম- এ বিভাগীয় প্রধানের স্বাক্ষরের পর ১ সেট ফটোকপি এবং পাসপোর্ট সাইজের একটি ছবি স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। নিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফল সিটের ফটোকপি জমা দিতে হবে।
- ১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগাতে হবে।

স্ব স্ব বিভাগ কলেজ অফিসে জমাকৃত পরীক্ষার আবেদন ফরম আগামী ২৪.০১.২০১৮ তারিখে গ্রহণ করে অনলাইনে ডাটা এন্ট্রি করে তা ২৬.০১.২০১৮ খ্রি. তারিখের কলেজ অফিসে পুনরায় জমা দেয়ার ব্যবস্থা করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল। অনলাইন বিবরণী অনুযায়ী আবেদন ফরম সাজিয়ে ১ সেট বিবরণী বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে কলেজ অফিসে জমা দিতে হবে। অনলাইনে পরীক্ষার আবেদন ফরম ডাটা এন্ট্রি করার সময় কোন প্রকার সমস্যা পড়লে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৪র্থ বর্ষ অনার্স শাখায় যোগাযোগ করতে অনুরোধ করা হল।

বিঃ দ্রঃ বেতন মওকুপের তালিকা আগামী ১৫.০১.২০১৮ খ্রি. তারিখের মধ্যে কলেজের ক্যাশ শাখায় জমা দিতে হবে (পূর্ণ বেতন মওকুপ ৫% এবং অর্ধ বেতন মওকুপ ১০%, ১২ মাস অথবা ৬মাস ছাড়া মওকুপ করা যাবে না)।

ফরম পূরণের এই বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েব সাইট www.blcollege.edu.bd তে পাওয়া যাবে।


(প্রফেসর সৈয়দ সাদিক জাহিদুল ইসলাম)
অধ্যক্ষ
সরকারি বি এল কলেজ, খুলনা